

মৎস্য বীজ উৎপাদন খামার/হ্যাচারি/নার্সারি/প্রশিক্ষণ কেন্দ্রের সংক্ষিপ্ত বিবরণ

মৎস্য বীজ উৎপাদন খামার, টাঙ্গাইল সদর, টাঙ্গাইল ইউনিয়নের আর্থিক সহায়তায় ১৯৬৩ সালে প্রতিষ্ঠিত হয়। খামারটি ঢাকা-টাঙ্গাইল সড়কের উত্তর পাশে টাঙ্গাইল সদর উপজেলায় আশেকপুরে অবস্থিত। ১৯৮৭ সাল পর্যন্ত খামারটি মৎস্য বিভাগের ব্যবস্থাপনায় পরিচালিত হয়। ১৯৮৮ সালে খামারটি গ্রামীণ ব্যাংকের নিকট ১০ বছর মেয়াদে ইজারা প্রদান করা হয়। ১৯৯৮ সালে ইহা পুনরায় মৎস্য বিভাগের ব্যবস্থাপনার আওতায় আসে। খামারের অধিকাংশ পুকুরের তলায় বালি মাটির আধিক্য থাকায় শুষ্ক মৌসুমে শুকিয়ে যায়। মানসম্মত মৎস্য বীজ ও পোনা উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে মৎস্য স্থাপনা উন্নয়ন ও পূর্নবাসন প্রকল্পের আওতায় ২০১৫ সালে ০৪টি পুকুরের সংস্কার কাজ সম্পন্ন হয়েছে। ০১ (এক)টি গভীর নলকূপ বসানো হয়েছে ও সীমানা প্রাচীর নির্মাণ করা হয়েছে। অফিস ভবনের সংস্কার কাজ অতি সত্বর সম্পন্ন করা প্রয়োজন। খামারটি ২০১৫ সাল থেকে ২০১৯ খ্রিঃ পর্যন্ত ব্রড ব্যাংক স্থাপন প্রকল্প (৩য় পর্যায়) এর আওতাধীন ছিল এবং একটি কার্প হ্যাচারী নির্মাণ করা হয়েছে।